গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা
মাঠ প্রশাসন শাখা
www.khulnadiv.gov.bd

# অক্টোবর, ২০২২ মাসে অনুষ্ঠিত জেলা প্রশাসকগণের মাসিক প্রশাসনিক সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: জিল্লুর রহমান চৌধুরী<br>বিভাগীয় কমিশনার, খুলনা |
| সভার তারিখ ও সময় | : | ২৭ অক্টোবর, ২০২২ খ্রি. দুপুর: ০২.০০ টা |
| উপস্থিত সদস্যবৃন্দ | : | পরিশিষ্ট ক-সদয় দ্রষ্টব্য (স্বাক্ষরের ক্রমানুসারে) |

সভার প্রারম্ভে স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন এবং উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), খুলনা আলোচ্যসূচি অনুসারে তথ্যাদি সভায় উপস্থাপন করেন এবং ধারাবাহিকভাবে বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১। | গত সভার কার্যবিবরণী পঠন ও দৃঢ়করণ:<br>সভায় গত ২৮ সেপ্টেম্বর ২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত জেলা প্রশাসকগণের মাসিক প্রশাসনিক সভার কার্যবিবরণী পঠিত হয়। উক্ত কার্যবিবরণীতে উল্লিখিত বিষয়সমূহে কোন সংযোজন/সংশোধনীর প্রস্তাব পাওয়া যায়নি। | ২৮ সেপ্টেম্বর ২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত জেলা প্রশাসকগণের মাসিক প্রশাসনিক সভার কার্যবিবরণী দৃঢ়করণ করা হয়। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |
| ০২। | মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা:<br>মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মাঠ প্রশাসনের সকল পর্যায়ে পৌঁছে দেওয়াসহ তা বাস্তবায়নের জন্য এ কার্যালয় হতে সকল জেলা প্রশাসককে নির্দেশনা প্রদান করা হয়েছে। | মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মাঠ প্রশাসনের সকল পর্যায়ে পৌঁছে দিতে হবে এবং তা বাস্তবায়ন করতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |
| ০৩। | ডেঙ্গুর বর্তমান পরিস্থিতি পর্যালোচনা:<br>সভায় দেশের বর্তমান ডেঙ্গু পরিস্থিতি বিষয়ে আলোচনা করা হয়। এক্ষেত্রে জনসচেতনতা বৃদ্ধির কার্যক্রম জোরদারের বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়। | (১) ডেঙ্গু রোধে সরকারি নির্দেশনা অনুযায়ী জনসচেতনতা বৃদ্ধির কার্যক্রম জোরদার করতে হবে।<br>(২) জেলা তথ্য অফিসের মাধ্যমে ব্যাপক প্রচার ও জনসচেতনতা বৃদ্ধির কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>(৩) বাড়ির আশে-পাশে কোথাও যেন বর্ষার পানি বা ময়লা-আবর্জনা না থাকে সেদিকে জনগণকে সচেতন করে তুলতে হবে।<br>(৪) মসজিদের ইমামগণ নামাজের পূর্বে/পরে ডেঙ্গু প্রতিরোধে সরকারি নির্দেশনা প্রচারের ধারা অব্যাহত রাখতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |
| ০৪। | গণশুনানি:<br>সভায় করোনা ভাইরাস সংক্রমণ এড়ানোর লক্ষ্যে সামাজিক দূরত্ব বজায় রেখে গণশুনানি কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচনা হয়। | (১) যথাযথ পদ্ধতি অনুসরণপূর্বক সপ্তাহের একটি পূর্ব নির্ধারিত দিনে স্থানীয় জনগণের অভিযোগ শ্রবণ এবং সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(২) আইনানুগ পদ্ধতি অনুসরণে প্রাপ্ত লিখিত অভিযোগ অনুসন্ধান এবং সে অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(৩) মাঠ পর্যায়ে গণশুনানি কার্যক্রম নিয়মিতভাবে পরিবীক্ষণ করতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০৫। | মাসিক রিপোর্ট/প্রতিবেদন প্রেরণ:<br>মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়, ভূমি মন্ত্রণালয়সহ অন্যান্য মন্ত্রণালয়ের এবং এ কার্যালয়ের চাহিত বিভিন্ন মাসিক রিপোর্ট/প্রতিবেদন যথাসময়ে প্রেরণ করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | (১) যথাসময়ে রিপোর্ট/প্রতিবেদন প্রেরণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |
| ০৬। | সভায় এপিএ (APA), এনআইএস (NIS), জিআরএস (GRS) এবং Citizen Charter বাস্তবায়নের বিষয়ে আলোচনা করা হয়। | (১) মাঠ পর্যায়ে সকল স্তরে সুশাসন নিশ্চিত করার লক্ষ্যে এপিএ (APA), এনআইএস (NIS), জিআরএস (GRS) এবং Citizen Charter বাস্তবায়ন করতে হবে।<br>(২) স্কুল, কলেজে ছাত্র-ছাত্রীদের সাথে সততা ও নৈতিকতা বিষয়ে আলোচনা করতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |
| ০৭। | মন্ত্রিপরিষদ বিভাগের সকল মাসিক রিপোর্ট Report Management System (report.gov.bd) এ প্রেরণ। | (ক) মন্ত্রিপরিষদ বিভাগে মাঠ প্রশাসনের সকল মাসিক রিপোর্ট Report Management System (report.gov.bd) এ প্রতিমাসের ০৫ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |
| ০৮। | ই-সার্ভিস সিস্টেমের সর্বোত্তম ব্যবহার:<br>সভায় ই-নথির সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করতে গুরুত্বারোপ করা হয়। | (১) ই-নথির কার্যক্রম এর আওতায় জেলা ও উপজেলা কার্যালয়ে নথি নিষ্পত্তির হার বৃদ্ধি করতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |
| ০৯। | দ্রব্যমূল্য নিয়ন্ত্রণ এবং বাজার মনিটরিং:<br>নিত্য প্রয়োজনীয় দ্রব্যাদির পর্যাপ্ত সরবরাহ, মূল্য স্থিতিশীল এবং বিক্রয় নিশ্চিতকরণে বাজার মনিটরিং জোরদার করার উপর সভায় গুরুত্বারোপ করা হয়। জেলা/উপজেলা পর্যায়ে ধান/চাল মজুদ বিষয়ে বাজার মনিটরিং করা, জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে গঠিত এ সংক্রান্ত কমিটির সভায় নিয়মিত আলোচনা করতে হবে। অসাধু ব্যবসায়ীগণ যাতে কৃত্রিম সংকট সৃষ্টির মাধ্যমে বাজার অস্থিতিশীল করতে না পারে সেদিকে বিশেষভাবে মনিটর করতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে ভ্রাম্যমাণ আদালত পরিচালনার মাধ্যমে অবৈধভাবে ধান/চাল/খাদ্যদ্রব্য ও অন্যান্য নিত্যপ্রয়োজনীয় দ্রব্য মজুদদারের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসকগণকে নির্দেশনা প্রদান করা হয়। | (১) জেলা/উপজেলা পর্যায়ে ধান/চাল মজুদ বিষয়ে মনিটরিং, জেলা প্রশাসক/উপজেলা নির্বাহী অফিসারের নেতৃত্বে গঠিত এ সংক্রান্ত কমিটির সভায় নিয়মিত আলোচনা করতে হবে।<br>(২) ভ্রাম্যমাণ আদালত পরিচালনার মাধ্যমে অবৈধভাবে ধান/চাল/নিত্যপ্রয়োজনীয় দ্রব্যাদি মজুদদারের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |
| ১০। | খাদ্য সংকট ও খাদ্য কৃষিপণ্য উৎপাদন:<br>খাদ্য সংকট মোকাবিলা সংক্রান্ত দিকনির্দেশনা প্রদান করা হয় এবং খাদ্য সংকটকে কেন্দ্র করে নানামুখী অপপ্রচার বন্ধের তৎপরতা বৃদ্ধির বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>খাদ্য ও কৃষিপণ্য উৎপাদনে যাতে করে কোনো বিঘ্ন না ঘটে সে লক্ষ্যে কৃষি বিভাগের সাথে সমন্বয় করে সার্বিক কার্যক্রম পরিচালনা নিশ্চিত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। | (১) খাদ্য সংকটকে কেন্দ্র করে নানামুখী অপপ্রচার বন্ধের তৎপরতা বৃদ্ধি করতে হবে।<br>(২) খাদ্য ও কৃষিপণ্য উৎপাদনে যাতে করে কোনো বিঘ্ন না ঘটে সে লক্ষ্যে কৃষি বিভাগের সাথে সমন্বয় করে সার্বিক কার্যক্রম পরিচালনা নিশ্চিত করতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |
| ১১। | মাঠ প্রশাসনে টিসিবির কার্যক্রম পরিচালনা সংক্রান্ত:<br>সভায় মাঠ প্রশাসনে টিসিবির কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করতে সকল জেলা প্রশাসককে নির্দেশনা প্রদান করা হয়। | মাঠ প্রশাসনে টিসিবির কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করতে হবে। জেলা প্রশাসন কর্তৃক টিসিবি পরিচালনা ফলো-আপ অব্যাহত রাখতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |

| ক্র. নং | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১২। | বিদ্যুৎ সংকট পরিস্থিতি ও জ্বালানি ব্যবহারে মিতব্যয়ী সংক্রান্ত:<br>মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক বিদ্যুৎ ও জ্বালানী ব্যবহারে মিতব্যয়ী হতে মাঠ প্রশাসনে নির্দেশনা প্রদান করা ও মোবাইল কোর্ট তৎপরতা অব্যাহত রাখতে সভায় আলোচনা করা হয় এবং উক্ত নির্দেশনা মেনে চলতে জেলা প্রশাসকগণকে নির্দেশনা প্রদান করা হয়। | (১) মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা মোতাবেক বিদ্যুৎ ও জ্বালানী ব্যবহারে মিতব্যয়ী হতে হবে এবং এ বিষয়ে সরকারি নির্দেশনা যথাযথ প্রতিপালন করতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |
| ১৩। | কোভিড-১৯ পরিস্থিতি, মাস্ক পরিধান ও বুস্টার ডোজ টিকা প্রদান কার্যক্রম পর্যালোচনা:<br>সভায় কোভিড-১৯ পরিস্থিতি ও বুস্টার ডোজ টিকা প্রদান কার্যক্রম বিষয়ে আলোচনা করা হয়। মাস্ক ব্যবহার সংক্রান্ত নির্দেশনা প্রতিপালন নিশ্চিতকরণসহ জনগণকে উদ্বুদ্ধ করার বিষয়ে আলোচনা করা হয়। কোভিড-১৯ সংক্রমণ রোধে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক যে ০৬ (ছয়)টি নির্দেশনা সম্বলিত পরিপত্র দেওয়া হয়েছে সে বিষয়ে সভায় আলোচনা করা হয়। সকল ধরনের সেবা গ্রহণের সময় মাস্ক ব্যবহার বাধ্যতামূলক করাসহ অন্যান্য স্বাস্থ্যবিধি মেনে চলতে জনসচেতনতা বৃদ্ধির কার্যক্রম জোরদারের বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | (১) কোভিড-১৯ সংক্রমণ রোধে সরকারি নির্দেশনা অনুযায়ী মাস্ক পরিধানসহ স্বাস্থ্যবিধি প্রতিপালন এবং জনসচেতনতা বৃদ্ধির কার্যক্রম জোরদার করতে হবে।<br>(২) কোভিড-১৯ টিকা প্রদানের জন্য সকলকে বুস্টার ডোজ টিকা প্রদান কার্যক্রম আরও ত্বরান্বিত করতে হবে।<br>(৩) কোভিড-১৯ সংক্রমণ রোধে মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক যে ০৬ (ছয়)টি নির্দেশনা সম্বলিত পরিপত্র দেওয়া হয়েছে তা অব্যাহত রাখতে হবে।<br>(৪) জেলা তথ্য অফিসের মাধ্যমে ব্যাপক প্রচার ও জনসচেতনতা বৃদ্ধির কার্যক্রম গ্রহণ করতে হবে।<br>(৫) মসজিদের ইমামগণ নামাজের পূর্বে/পরে করোনা ভাইরাস প্রতিরোধে সরকারি নির্দেশনা প্রচারের ধারা অব্যাহত রাখতে হবে। | জেলা প্রশাসক (সকল) খুলনা বিভাগ |

অত:পর সভা শেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১৫/১১/২২

মো: জিল্লুর রহমান চৌধুরী
বিভাগীয় কমিশনার
খুলনা
ফোন: ০২৪৭৭৭০৩০৩৫(অফিস)
divcomkhulna@mopa.gov.bd

নং-০৫.৪৪.০০০০.০০৬.৫২.০০৩.২২- ৮৬৭ (২৩) তারিখ : ১৮ /১১/২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০২। মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।

০৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪। মহাপরিচালক (প্রশাসন) ও প্রকল্প পরিচালক, এটুআই প্রোগ্রাম, আইসিটি টাওয়ার, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

০৫। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক/রাজস্ব/উন্নয়ন), খুলনা।

০৬। পরিচালক, স্থানীয় সরকার, খুলনা বিভাগ, খুলনা।

০৭। জেলা প্রশাসক, খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/যশোর/ঝিনাইদহ/মাগুরা/নড়াইল/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা/মেহেরপুর।

০৮। বিভাগীয় কমিশনারের একান্ত সচিব, খুলনা (বিভাগীয় কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

০৯। ভারপ্রাপ্ত কর্মকর্তা, এপিএ সেল শাখা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা।

১০। সহকারী প্রোগ্রামার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা। (তাঁকে সভার কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

১১। প্রশাসনিক কর্মকর্তা, বিভাগীয় কমিশনারের কার্যালয়, খুলনা।

১২। অফিস কপি।

১৮/১১/২২

(মাহেরা নাজনীন)
সিনিয়র সহকারী কমিশনার
বিভাগীয় কমিশনারের কার্যালয়
খুলনা
ফোন: ০২৪৭৭৭০১০৪৩ (অফিস)

# ২৭ অক্টোবর ২০২২ তারিখে অনুষ্ঠিত জেলা প্রশাসকগণের মাসিক প্রশাসনিক সভায় উপস্থিত সদস্যগণের হাজিরা (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

| ক্র.নং | সদস্যদের পদবি | উপস্থিত | প্রতিনিধি হলে উপস্থিত প্রতিনিধির নাম ও পদবি | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), খুলনা | ✓ | X | [signature] 27.10.22 |
| ০২ | জেলা প্রশাসক, খুলনা | | | [signature] |
| ০৩ | জেলা প্রশাসক, বাগেরহাট | | | [signature] 27/10/22 |
| ০৪ | জেলা প্রশাসক, সাতক্ষীরা | | | [signature] 27.10.22 |
| ০৫ | জেলা প্রশাসক, যশোর | | মো: হুসাইন শওকত DDLG | [signature] 27/10/22 |
| ০৬ | জেলা প্রশাসক, ঝিনাইদহ | [signature] | | [signature] 27/10/22 |
| ০৭ | জেলা প্রশাসক, মাগুরা | [signature] | | [signature] 27.10.2022 |
| ০৮ | জেলা প্রশাসক, নড়াইল | ✓ | | [signature] 27/10/22 |
| ০৯ | জেলা প্রশাসক, কুষ্টিয়া | | | [signature] 27.10.2022 |
| ১০ | জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা | [signature] | | [signature] 27.10.22 |
| ১১ | জেলা প্রশাসক, মেহেরপুর | ✓ | | [signature] 27.10.2022 |
| | | | | |
| | | | | |
| | | | | |
| | | | | |